৭৮

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৮ম সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)র পরিচালনা বোর্ডের ৮ম সভা বিগত ০১-০৭-২০০৮ তারিখে ওয়ারপো'র সভাকক্ষে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি ও পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)র পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ড. সি এস করিম উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র মহাপরিচালক জনাব মোঃ ইনামুল হক উপস্থিত সবাইকে স্বাগত জানান। প্রথমে পবিত্র কোরান থেকে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাপরিচালক ওয়ারপোর পরিচিতি ও কার্যক্রম সম্পর্কে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন (সংযুক্তি 'খ')। এরপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু হয়।

## আলোচ্য বিষয় - ১ ঃ পরিচালনা বোর্ডের ৭ম সভার কার্যবিবরণী অনুমোদন

মহাপরিচালক, ওয়ারপো বিগত ১৭-১০-২০০৬ তারিখে অনুষ্ঠিত ওয়ারপো পরিচালনা বোর্ডের ৭ম সভার কার্যবিবরণী সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। পরিচালনা বোর্ডের সদস্যগণ এবিষয়ে তেমন আলোচনার সুযোগ নেই বলে মতামত প্রকাশ করেন এবং পূর্বের সিদ্ধান্ত মোতাবেক প্রতি ৪ মাস অন্তর বোর্ড সভা করার পরামর্শ দেন।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ৭ম সভার কার্যবিবরণী অনুমোদিত। মহাপরিচালক, ওয়ারপো প্রতি চার মাস পর পর বোর্ড সভা করার ব্যবস্থা নিবেন।

## আলোচ্য বিষয় - ২ ঃ পরিচালনা বোর্ডের ৭ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রতিবেদন

মহাপরিচালক ওয়ারপো পরিচালনা বোর্ডের ৭ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির একটি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

পরিচালনা বোর্ডের সদস্যগণ ওয়ারপোর 'ক্লিয়ারিং হাউজ' ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। মহাপরিচালক জানান ওয়ারপো ইতিমধ্যে পানি উন্নয়ন বোর্ড থেকে দুটি প্রকল্পের প্রস্তাবনা 'ক্লিয়ারিং' এর জন্য পেয়েছে, যা যথাসময়ে ও যথানিয়মে 'ক্লিয়ার' দেয়া হয়েছে। পরিকল্পনা কমিশনের সদস্য এবং ভাইস চেয়ারম্যান পরিচালনা বোর্ড জনাব মোঃ শাহ্ আলম বলেন- ওয়ারপোর 'ক্লিয়ারিং হাউজ' ভূমিকা সম্পর্কে সরকারের সংশ্লিষ্ট দপ্তরগুলো বিশদভাবে অবহিত নয়; এমনকি পানি উন্নয়ন বোর্ডও তার সব প্রকল্প 'ক্লিয়ারিং' এর জন্য ওয়ারপোর কাছে পাঠাচ্ছে না। পানি সেক্টরের সংশ্লিষ্ট দপ্তরগুলো তাদের প্রকল্প প্রস্তাবনা 'ক্লিয়ারিং' এর জন্য ওয়ারপোর নিকট পাঠাতে বাধ্য কিনা সে প্রশ্ন উঠলে মহাপরিচালক ওয়ারপো জানান বিষয়টি কেবল জাতীয় পানি নীতি ১৯৯৯ তে উল্লেখ করা আছে। এবিষয়ে কোন আইন নেই তাই তারা বাধ্য নয়।
এ বিষয়ে চেয়ারম্যান বলেন, ওয়ারপোর 'ক্লিয়ারিং হাউজ' ভূমিকার বিষয়টি জাতীয় পানি সম্পদ পরিষদ অথবা এর নির্বাহী কমিটিতে আলোচনার জন্য উপস্থাপন করা যেতে পারে।

পরিচালনা বোর্ডের সদস্যগণ অতঃপর ওয়ারপোর প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনার (Organizational Development Plan, ODP) বিষয়ে আলোচনা করেন। মহাপরিচালক জানান ওয়ারপোর ODP বর্তমানে সংস্থাপন মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ ওয়ারপোর 'ক্লিয়ারিং হাউজ' ভূমিকার বিষয়টি জাতীয় পানি সম্পদ পরিষদে প্রেরণের জন্য এর নির্বাহী কমিটিতে আলোচনার জন্য উত্থাপন করতে হবে।

আলোচ্য বিষয় - ৩ ঃ ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনার (**Organizational Development Plan, ODP**) সংশোধিত প্রস্তাব উপস্থাপন

মহাপরিচালক ওয়ারপোর প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনার (Organizational Development Plan, ODP) সংশোধনী প্রস্তাব উপস্থাপন করেন। মহাপরিচালক জানান ১৯৯১ সনে ওয়ারপো প্রতিষ্ঠিত হওয়ার পর ১৯৯২ সালের ১২নং আইনের আওতায় ওয়ারপো দায়িত্ব পালন করে আসছে। পরবর্তীতে ১৯৯৯ সনে জাতীয় পানি নীতি (NWPo), ২০০০ সালে অংশগ্রহণমুলক পানি ব্যবস্থাপনা নির্দেশিকা (জিপিডাব্লিউএম) এবং ২০০৫ সনে কোষ্টাল জোন পলিসির মাধ্যমে বাংলাদেশ সরকার ওয়ারপোকে অতিরিক্ত দায়িত্ব অর্পণ করে। ওয়ারপো'র ওপর অর্পিত দায়িত্বসমূহ এবং জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা হালনাগাদকরণ ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে পালনের জন্য প্রস্তুতকৃত প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনার (Organizational Development Plan) কিছু সংশোধনী প্রয়োজন।

পরিচালনা বোর্ডের সদস্যগণ ওয়ারপোর প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (Organizational Development Plan) এর বর্তমান জনবল, দায়িত্ব, ও ভবিষ্যত প্রয়োজন বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ জনাব শেখ খুরশীদ আলম বলেন, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন ও এর হালনাগাদকরণ ওয়ারপোর প্রধান কাজ। বিস্তারিত আলোচনা শেষে পরিচালনা বোর্ডের সদস্যগণ একমত হন যে, (Organizational Development Plan) সংশোধনী প্রস্তাবটি পানি সম্পদ মন্ত্রণালয় থেকে পরীক্ষা করা দরকার।

গৃহীত সিদ্ধান্ত ঃ ওয়ারপোর (Organizational Development Plan) সংশোধনী প্রস্তাবটি পরীক্ষা করার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪ ঃ জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (**National Water Management Plan-2001**) হালনাগাদকরণ।

মহাপরিচালক, ওয়ারপো National Water Management Plan-2001 এর হালনাগাদকরণের বিষয়টি উত্থাপন করেন। তিনি জানান ওয়ারপো'র তত্ত্বাবধানে এনডব্লিউএমপি ডিসেম্বর, ২০০১ তারিখে প্রণীত হয়। মার্চ, ২০০৪ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদ (এনডব্লিউআরসি) কর্তৃক এনডব্লিউএমপি অনুমোদিত হয়। পরিকল্পনাটি প্রণয়নের পর ওয়ারপো ৩০ টিরও অধিক বাস্তবায়নকারী সংস্থার সাথে যোগাযোগ করে এর অগ্রগতি মনিটরিং ও এর হালনাগাদ করার কাজ করছে। তবে ওয়ারপোর অল্প জনবল দিয়ে হালনাগাদ করার কাজে প্রয়োজনীয় অগ্রগতি অর্জন সম্ভব নয়।

সভায় জানানো হয় যে, National Water Management Plan-2001 এর হালনাগাদকরণের জন্য একটি পিপিপি পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে ইআরডিতে পাঠানো হয়েছে। পরিকল্পনা কমিশনের সদস্য এবং ভাইস চেয়ারম্যান পরিচালনা বোর্ড জনাব মোঃ শাহ্ আলম বলেন, এই প্রস্তাবটি পরিকল্পনা কমিশনের মতামত নিয়ে পাঠালে ভালো হতো এবং এটিই বিধি সম্মত।

গৃহীত সিদ্ধান্ত ঃ

(ক) পানি সম্পদ মন্ত্রণালয়কে ইআরডিতে প্রেরিত পিপিপির অর্থায়নের ব্যাপারে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

(খ) জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা হালনাগাদকরণের বিষয়ে প্রণীত পিপিপিটি পরিকল্পনা কমিশনে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৫ ঃ **WARPO's Clearing House Role** এর অগ্রগতি পর্যালোচনা।

এবিষয়ে পূর্বেই আলোচ্য বিষয়-২-এ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

আলোচ্য বিষয় - ৬ ঃ ওয়ারপো'র অফিস বিল্ডিং

মহাপরিচালক, ওয়ারপো জানান, ১৯৯১ সালে সৃষ্ট পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন একটি সংবিধিবদ্ধ সরকারী প্রতিষ্ঠান। অদ্যাবধি ওয়ারপোর নিজস্ব কোন স্থায়ী অফিস ভবন স্থাপিত হয়নি। প্রতিষ্ঠাকাল থেকে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় বেসরকারী ভাড়া করা ভবনে অবস্থান নিয়ে সংস্থার সকল কর্মকান্ড পরিচালিত হয়ে আসছে। বিভিন্ন কারণে দীর্ঘ ১৬ বৎসরে সাতবার ওয়ারপোর অফিস ভবন স্থানান্তরিত হয়েছে। জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনায় (Programme ID 006 অনুযায়ী) ওয়ারপোতে দক্ষ জনশক্তি গড়ে তোলা এবং এই পরিকল্পনা কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি ভবন নির্মাণের প্রয়োজন বিধায় শেরে বাংলা নগরে আনুমানিক ১.৮২ একর জমি চাওয়া হয়েছে।

পরিচালনা বোর্ডের সদস্যগণ এবিষয়ে গ্রীণ রোড ক্যাম্পাসে পানি ভবন কমপ্লেক্স নির্মাণের অগ্রগতি বিষয়ে আলোচনা করেন। তাঁরা বলেন, কমপ্লেক্সটি নির্মিত হলে সেখানে ওয়ারপোকে প্রয়োজনীয় জায়গা দেবার সুযোগ থাকতে পারে।

গৃহীত সিদ্ধান্ত ঃ গ্রীণ রোড ক্যাম্পাসে পানি ভবন কমপ্লেক্স নির্মাণের ব্যাপারটি ত্বরান্বিত করতে হবে। এই কমপ্লেক্সে ওয়ারপোকে কি পরিমাণ জায়গা দেয়ার প্রস্তাব আছে, এবং তা ওয়ারপোর জন্য যথেষ্ট হবে কিনা সেবিষয়ে একটি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

পরিশেষে সভাপতি সমাপনী ভাষণে উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মকান্ডে এই বোর্ডের সদস্যগণ সর্বাত্মক সাহায্য সহযোগিতা অব্যাহত রাখবেন বলে তিনি আশা প্রকাশ করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

২০/৩/০৮

(মোঃ ইনামুল হক)
মহাপরিচালক, ওয়ারপো
ও
সদস্য-সচিব, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

০২/০৪/০৮

(ড. সি,এস, করিম)
উপদেষ্টা
কৃষি ও পানি সম্পদ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

## পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৮ম সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণের নামের তালিকা

সভার তারিখ : ০১-০৭-২০০৮খ্রিঃ  সময় : ২:৩০ ঘটিকা

স্থান : পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) সম্মেলন কক্ষ
বাড়ী নং-১০৩, সড়ক নং-১, বনানী, ঢাকা-১২১৩।

সভাপতি : ড. সি, এস, করিম
মাননীয় উপদেষ্টা
পানি সম্পদ মন্ত্রণালয়

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ড. সি, এস, করিম | মাননীয় উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয় | |
| ২. | জনাব মোঃ শাহ্ আলম | সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন | |
| ৩. | ড. মোহাম্মদ আইয়ুব মিয়া | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | |
| ৪. | জনাব এম. আব্দুল আজিজ, এনডিসি | সচিব, কৃষি মন্ত্রণালয় | |
| ৫. | জনাব শেখ খুরশীদ আলম | সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | |
| ৬. | জনাব জাফর আহমেদ চৌধুরী | সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় | |
| ৭. | জনাব শেখ এনায়েত উল্লাহ | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | |
| ৮. | জনাব এ,এইচ,এম, রেজাউল করিম, এনডিসি | সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয় | |
| ৯. | ড. মোহাম্মদ মাহবুবুর রহমান | সচিব, যোগাযোগ মন্ত্রণালয় | |
| ১০. | জনাব মোঃ ইনামুল হক | মহাপরিচালক, ওয়ারপো | |